

কোভিড-১৯ ও পুষ্টি বিষয়ে সান মুভমেন্ট অ্যাডভোকেসির মূল বার্তা

পুষ্টি কেন? কোভিড-১৯ এর প্রতিক্রিয়ায় এবং পুনরুদ্ধারে পুষ্টিকে প্রাধান্য দেওয়া

- **সুস্বাস্থ্যের জন্য পুষ্টি অপরিহার্য:** রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি, অসুস্থতা ও সংক্রমণের হাত থেকে রক্ষা এবং আরোগ্য লাভের জন্য সুস্বাস্থ্য পুষ্টি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ব্যক্তি ও কমিউনিটি পর্যায়ে রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধির মাধ্যমে কোভিড-১৯ প্রতিরোধের কৌশলের অংশ হিসেবে মাতৃদুগন্ধ পান করানো সহ সুস্বাস্থ্য পুষ্টির বিধান বজায় রাখা এবং প্রচার কার্যকর ভূমিকা রাখতে পারে। রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি এবং কোভিড-১৯ এর উচ্চ সংক্রমণ এবং মৃত্যুর হারের জন্য দায়ী অসংক্রামক রোগের প্রতিরোধের চাবিকাঠি হলো স্বাস্থ্যকর-সুস্বাস্থ্য খাদ্যাভ্যাস।
- **খাদ্য ও পুষ্টি নিরাপত্তা সুরক্ষিত করা আবশ্যিক:** বিদ্যমান এই কোভিড-১৯ সঙ্কট যেন খাদ্য এবং অপুষ্টি সংকট সৃষ্টি না করে তা নিশ্চিতকল্পে পদক্ষেপ নেওয়া জরুরী। কোভিড-১৯ এর প্রতিক্রিয়া কার্যক্রমের সাফল্যের জন্য দরিদ্র এবং ক্ষুধা ও অপুষ্টির ঝুঁকিতে থাকা জনগণকে রক্ষা করা প্রয়োজন।
- **পুষ্টির ক্ষেত্রে বিলম্ব নয়:** প্রয়োজনীয় প্রতিরোধমূলক এবং নিরাময়মূলক পুষ্টি কার্যক্রম অব্যাহত রাখতে হবে। কারণ উক্ত কার্যক্রমের স্বল্প-মেয়াদী বিঘ্নও শিশুদের বেঁচে থাকা, স্বাস্থ্য এবং বিকাশের ক্ষেত্রে অপরিবর্তনীয় প্রভাব ফেলতে পারে। গৃহীত কার্যক্রমসমূহ নিরাপদ এবং টেকসই প্রয়োগ নিশ্চিত করতে হবে।

কর্মপত্ৰ: অগ্রাধিকারপ্রাপ্ত কার্য ক্ষেত্রসমূহ

- **কোভিড-১৯ এর প্রতিক্রিয়া ও পুনরুদ্ধারে সমন্বিত পুষ্টি:** কোভিড-১৯ এর প্রতিক্রিয়ার ক্ষেত্রে শিশু পুষ্টি, খাদ্য নিরাপত্তা, WASH কার্যক্রম, লিঙ্গ সমতা এবং সামাজিক নিরাপত্তার দিকে বিশেষ লক্ষ্য রেখে সামগ্রিক এবং বহু-খাতভিত্তিক কৌশলের মাধ্যমে পুষ্টি কার্যক্রমের চাহিদা নিরূপণ, প্রয়োগ এবং পুনরুদ্ধার নিশ্চিত করতে হবে। কোভিড-১৯ প্রতিক্রিয়া, পরিকল্পনা এবং সমন্বয় বিদ্যমান পুষ্টি সক্ষমতা এবং বহু-খাত, বহু-অংশীদার সমন্বয় কাঠামোকে আরো প্রভাবিত করবে।
- **স্বাস্থ্য ব্যবস্থার প্রায়োগিক সক্ষমতার সহায়তা:** মহিলা, শিশু এবং কিশোর-কিশোরীদের পুষ্টি-প্রত্যক্ষ কার্যক্রম সহ অন্যান্য গুরুত্বপূর্ণ পরিসেবার নিরাপদ প্রয়োগের পাশাপাশি স্বাস্থ্য ব্যবস্থার এবং ফ্রন্টলাইনে কাজ করা নারী ও পুরুষ কর্মীদের সক্ষমতা জোরদারের মাধ্যমে কোভিড-১৯ এর প্রতিক্রিয়া নিশ্চিত করতে হবে।
 - সংক্রমণ রোধ এবং নিয়ন্ত্রণের গাইডলাইনের পরিবর্তনের সাথে সঙ্গতি রাখার জন্য দ্রুত এবং শুধু মাতৃদুগ্ধ পান সহ প্রয়োজনীয় মাতৃ এবং শিশু পুষ্টির কার্যক্রম অব্যাহত রাখতে হবে।
 - সার্বজনীন স্বাস্থ্য ব্যবস্থার পর্যায়ক্রমিক পদক্ষেপ হিসেবে প্রয়োজনীয় স্বাস্থ্য পরিসেবাসমূহ নিরাপদ, সুলভ এবং সাশ্রয়ী করতে হবে এবং মহামারীর সর্বোচ্চ দশা শেষ হবার পর পরিসেবাসমূহের পুনরুদ্ধার এবং পূর্বের অবস্থায় ফিরিয়ে আনার পরিকল্পনা গ্রহণ করতে হবে।
- **সবচেয়ে ক্ষতিগ্রস্তদের চাহিদার অগ্রাধিকার:** শরণার্থী এবং দেশের অভ্যন্তরে বাস্তুচ্যুত সহ দরিদ্র ও প্রান্তিক জনগণ কোভিড-১৯ এর কারণে আর্থ-

সামাজিকভাবে সবচেয়ে ক্ষতিগ্রস্ত এবং এই সঙ্কটে উক্ত জনগোষ্ঠীকে রোগ থেকে রক্ষা করতে এবং স্থিতিশীল রাখতে অবশ্যই সহায়তা প্রদান করতে হবে।

- দারিদ্র্য, বৈষম্য (লিঙ্গ-বৈষম্য ও), প্রাক-বিদ্যমান অপুষ্টি, এইচআইভি / এইডস এর মত সংক্রামক রোগ, অসংক্রামক রোগ যেমনঃ ডায়াবেটিস, ঘনবসতিপূর্ণ জীবনযাপন, স্বাস্থ্যসেবা, পরিষ্কার জল এবং স্যানিটেশন সুবিধা লাভের সীমাবদ্ধতা প্রভৃতি দুর্বলতার নিয়ামকগুলিকে অবশ্যই বিবেচনা করতে হবে।
- সামাজিক সুরক্ষা ব্যবস্থাগুলি যা দরিদ্র জনগোষ্ঠীর জীবন-জীবিকা, খাদ্য ও পুষ্টির সুরক্ষা রক্ষা করে, তা কোয়ারানটাইন ও লকডাউন এবং এর পরেও গুরুত্বপূর্ণ। এর মধ্যে স্কুলের বাইরেও শিশুদের স্কুল খাবারের বদলে স্বাস্থ্যকর ও সুস্বাদু খাবার গ্রহণ নিশ্চিত করতে হবে।
- স্থানীয় খাদ্য ব্যবস্থার কার্যকারিতা বজায় রাখা: সাশ্রয়ী, পর্যাপ্ত, নিরাপদ, বৈচিত্র্য পূর্ণ এবং সাংস্কৃতিকভাবে উপযুক্ত খাদ্য উৎপাদন ও সরবরাহ নিশ্চিতকল্পে ক্ষুদ্র ব্যবসায়ী, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা এবং স্থানীয় নাগরিক সমাজ সংস্থাগুলির সক্ষমতা জোরদার করতে হবে।
 - সরবরাহকারী এবং ভোক্তার উভয়ের জন্য চাষাবাদ, ফসল সংগ্রহ, খাদ্য প্রক্রিয়াকরণ এবং বাজারে প্রাপ্যতার উপর লকডাউন এবং কোয়ারানটাইন এর প্রভাব হ্রাস করতে হবে।
 - মহিলাদের জন্য অসম যত্নের বোঝা হ্রাস করতে হবে এবং মহিলা কৃষক ও মহিলা পরিচালিত ব্যবসাসমূহে অগ্রাধিকার ভিত্তিতে সহায়তা প্রদান করতে হবে।